

বিজ্ঞপ্তি

নং-৮০.১১১.০১১.০০.০০.০০৮.২০১৫(অংশ-২)- ৫৩

তারিখ : ২২ মার্চ ২০১৫

বিষয় : প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অধীনস্থ বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজীর ইন্সট্রাক্টর(মেরিন টেকনোলজি) (মেকানিক্যাল, মেরিন, ইলেকট্রিক্যাল) পদের প্রার্থীদের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠান সংক্রান্ত।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অধীনস্থ বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজীর ইন্সট্রাক্টর(মেরিন টেকনোলজি) (মেকানিক্যাল, মেরিন, ইলেকট্রিক্যাল) পদের লিখিত পরীক্ষা ২৯/১২/২০১৫ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত লিখিত পরীক্ষায় নিম্নলিখিত রেজিঃ নম্বরধারী প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য সাময়িকভাবে নির্বাচিত হয়েছেন :

২। মৌখিক পরীক্ষার জন্য সাময়িকভাবে নির্বাচিত প্রার্থীদের রেজিঃ নম্বর:-

ক) ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল গ্রুপ)- 000001 000011 000013 000019 000023 000024 000028 000032 = 08 জন
খ) ইন্সট্রাক্টর (মেকানিক্যাল গ্রুপ)- 000005 000006 000009 000011 000013 000014 000015 000017 000018
000021 000025 000027 000030 = 13 জন

গ) ইন্সট্রাক্টর (মেরিন গ্রুপ):-কোনো প্রার্থী উল্লিখিত হয়নি।

৩। প্রকাশিত ফলাফল কোনো কারণে কোনো সংশোধনের প্রয়োজন হলে কমিশন তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে। কোনো ক্ষেত্রে চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীকালে কোনো সময় কোনো প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে, দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোনো জাল সার্টিফিকেট দাখিল করলে, অসদুপায় অবলম্বন করলে, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা হলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ কমিশন কর্তৃক অনুষ্ঠায় পরবর্তী যে কোনো পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা যাবে। এমনকি, সার্ভিসে নিয়োগের পর উক্তরূপ কোনো তথ্য প্রকাশ ও তা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে আইনানুগ যেকোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪। প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ২১/০৪/২০১৬ তারিখ সকাল ১০:৩০ মিনিটে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-তে অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষার প্রবেশপত্র, মৌখিক পরীক্ষার সাক্ষাৎকারপত্র এবং আবেদনপত্র ক্রয়ের ব্যাংক রশিদ (প্রার্থীর অংশ) ব্যতীত কোনো প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। উল্লেখ্য, আবেদনপত্র ক্রয়ের ব্যাংক রশিদ হারিয়ে গেলে হারিয়ে যাওয়া রশিদের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক একটি প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট ব্যাংক থেকে সংগ্রহ করে মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদের মূলকপি এবং প্রার্থী চাকরিরত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত (সীল-স্বাক্ষরিত) মূল ছাড়পত্র মৌখিক পরীক্ষা শুরু কমপক্ষে ৩০ মিনিট পূর্বে অবশ্যই মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। মৌখিক পরীক্ষায় যোগ্য প্রার্থীদের মূল আবেদনপত্র (BPSF ফরম-৩) কমিশনের ওয়েব সাইট হতে ডাউনলোড করে প্রয়োজনীয় সকল সনদপত্রের সত্যায়িত কপিসহ ১(এক)সেট কাগজপত্র সংশ্লিষ্ট বোর্ডে পরীক্ষার দিন জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। প্রার্থীদের সুবিধার্থে এবং শূন্য পদ দ্রুত পূরণের স্বার্থে একই শ্রেণির একাধিক পদে সাক্ষাৎকারে অংশগ্রহণকারী প্রার্থীদের চাকুরীর নির্ধারিত ছক অনুযায়ী পছন্দক্রমে ফরম পূরণ করে মৌখিক পরীক্ষার দিন সংশ্লিষ্ট বোর্ডের বিজ্ঞ সদস্য-এর ব্যক্তিগত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।

৫। মৌখিক পরীক্ষা অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের নামে ডাকযোগে সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হচ্ছে। যথাসময়ে সাক্ষাৎকারপত্র না পেলে মৌখিক পরীক্ষার ২/১দিন পূর্বে সকাল ১০ঃ০০ টা হতে বিকাল ৪ঃ০০ টার মধ্যে এক কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ পরিচালক ইউনিট-১১ বরাবর আবেদন করে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।

**** পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন ;
চাকুরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)